



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর।

ফোন : ০৩৮১-৬১৫২৪, E-mail : laxmipurgovtcollege@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

EIIN-106998

নং ৫৮

তারিখ : ১০/০১/২০১৭

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

লক্ষ্মীপুর সরকারি কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে। ভর্তির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় নির্ধারিত ২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে “ভর্তির নীতিমালা ২০১৭” যথাযথ অনুসরণ করা হবে।

ভর্তির যোগ্যতা :

ক) ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দেশের যে কোন শিক্ষাবোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫, ২০১৬ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে অত্র প্রতিষ্ঠানে একাদশ শ্রেণীতে ভর্তির আবেদন করতে পারবে।

খ) ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ শাখা নির্বাচন করতে পারবে, যথা-

i) বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।

ii) মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি।

iii) ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি।

গ) আসন সংখ্যা : বোর্ড কর্তৃক নির্ধারিত

ঘ) ভর্তি ফি- বোর্ড কর্তৃক নির্ধারিত

ঙ) ভর্তির জিপিএ : বোর্ড কর্তৃক নির্ধারিত

ভর্তির আবেদন পদ্ধতি :

০১. শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য অনলাইন অথবা টেলিটক মোবাইল এস.এম.এস. এর মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েব এর ঠিকানা :

www.xiclassadmission.gov.bd

০২. অনলাইন আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

ভর্তি, ক্লাস শুরু, শাখা/বিষয় পরিবর্তন :

ক্রমিক নং	বিষয়	তারিখ
ক.	ভর্তির আবেদনপত্র/এসএমএস গ্রহণের তারিখ	০৯/০৫/২০১৭ হতে ২৬/০৫/২০১৭
খ.	ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ	০৫/০৬/২০১৭
গ.	ভর্তির তারিখ	২০/০৬/২০১৭ হতে ২২/০৬/২০১৭
ঘ.	ক্লাস শুরুর তারিখ	০১/০৭/২০১৭

প্রয়োজনীয় কাগজপত্র :

ভর্তির সময় প্রার্থীকে নিম্নলিখিত কাগজপত্র অত্র প্রতিষ্ঠানে দাখিল করতে হবে।

i) এসএসসি/সমমানের পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।


ii) যে প্রতিষ্ঠান হতে এসএসসি/সমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র (মূল কপি)।

iii) ২ কপি পাসপোর্ট ও ২ কপি স্ট্যাম্প সাইজের ছবি।


vi) মুক্তিযোদ্ধা সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে “মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়” প্রদত্ত মূল সনদপত্র।

বিঃদ্র: ভর্তির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় ও কুমিল্লা শিক্ষাবোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি www.laxmipurgovtcollege.edu.bd ওয়েব সাইটে ও ফেইসবুক (লক্ষ্মীপুর সরকারি কলেজ) পেইজে পাওয়া যাবে।


অধ্যক্ষ
০৮/০১/১৭

লক্ষ্মীপুর সরকারি কলেজ
লক্ষ্মীপুর।


আহ্বায়ক

একাদশ (শিক্ষাবর্ষ ২০১৭-১৮) ভর্তি কমিটি -২০১৭
লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর।